

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮২

আগরতলা, ১৯ এপ্রিল, ২০২৬

গড়িয়া পূজা উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ‘গড়িয়া পূজা’ উপলক্ষে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, গড়িয়া পূজা ত্রিপুরার অন্যতম প্রধান উৎসব, যা এপ্রিল মাসে এবং বৈশাখ মাসের সপ্তম দিনে উদযাপিত হয়। ভগবান গড়িয়াকে গৃহস্থালির এক কল্যাণময় সত্তা হিসেবে গণ্য করা হয়। গড়িয়া ভক্তি ও সমৃদ্ধির প্রতীক। এই উৎসব ত্রিপুরার জনগণের মাঝে আনন্দ, সুখ, ভালোবাসা এবং ভ্রাতৃত্ববোধ বয়ে আনুক।
